

বাংলাদেশী বিশেষজ্ঞ চিকিৎসকদের চিকিৎসাসেবা প্রদানের নীতিমালা : -

- ১। যে ক্ষেত্রসমূহে বিদেশী বিশেষজ্ঞ চিকিৎসক নিয়োগের জন্য অনুমতি/অনাপত্তি চাওয়া হইয়াছে সে বিষয়ে সে সকল ক্ষেত্রে উক্ত চিকিৎসকদের এ দেশে চিকিৎসা ক্ষেত্রে মানোন্নয়নের যোগ্যতা আছে কি না এ মর্মে মতামত চাহিয়া স্বাস্থ্য অধিদপ্তর হইতে বিএমএন্ডডিসিতে পত্র প্রেরণ করিতে হইবে ।
 - ২। যে পদে বিদেশী বিশেষজ্ঞ চিকিৎসক নিয়োগ করা হইবে উক্ত পদে নিয়োগের নিমিত্তে দুইটি জাতীয় দৈনিক পত্রিকায় (বাংলা ও ইংরেজী) চিকিৎসক নিয়োগের বিজ্ঞপ্তি প্রচার করিতে হইবে । সিলেকশন বোর্ডে অবশ্যই বিএমএন্ডডিসি এর মনোনীত একজন প্রতিনিধি থাকিতে হইবে । উপর্যুক্ত প্রার্থী পাওয়া না গেলে সেই ক্ষেত্রে উক্ত হাসপাতালের গভর্ণিং বড়ির প্রত্যয়ণ পত্র দাখিল করিতে হইবে ।
 - ৩। বিদেশী বিশেষজ্ঞ চিকিৎসককে নিম্নরূপ যোগ্যতা সম্পন্ন হইতে হইবে ।
 - ৩.১। মূল ডিগ্রী (Basic Degree) হইবে MBBS/BDS অথবা সমমান ।
 - ৩.২। অধ্যাপক অথবা সিনিয়র কনসাল্ট্যান্ট হিসাবে নিয়োগপ্রাপ্ত হইতে পারেন এইরূপ স্নাতকোত্তর (Post Graduate) ডিগ্রী থাকিতে হইবে (ডিপ্লোমা ব্যতীত) ।
 - ৩.৩। স্নাতকোত্তর ডিগ্রী (Post Graduate) (ডিপ্লোমা ব্যতীত) অর্জনের পর স্বীয়ক্ষেত্রে ন্যূনতম ৭ (সাত) বছরের কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে এবং ন্যূনতম সহযোগী অধ্যাপক পদমর্যাদায় কর্মরত থাকিতে হইবে এবং তিনি কি ধরনের কাজ করিতেছেন এবং তাহার উপর কি দায়িত্ব আছে /ছিল এই মর্মে তিনি যেই প্রতিষ্ঠানে কর্মরত ছিলেন সেই প্রতিষ্ঠানের প্রধান হইতে সার্টিফিকেট সংগ্রহপূর্বক দাখিল করিবেন ।
 - ৩.৪। বিগত ০৫ (পাঁচ) বৎসরে Index Journal এ তাঁহার ০৪ (চার) টি Article থাকিতে হইবে । ইহার মধ্যে ন্যূনতম ০১ (এক) টিতে First Author হিসাবে থাকিতে হইবে ।
 - ৪। প্রার্থীর সদ্যতোলা পাসপোর্ট আকারের ২ (দুই) কপি রাখিন ছবি, জীবনবৃত্তান্ত সকল অভিজ্ঞতা, শিক্ষাগত যোগ্যতা ও প্রশিক্ষণের সনদপত্র, নীজদেশের হালনাগাদ রেজিস্ট্রেশন সনদের অনুলিপি উক্ত দেশের পররাষ্ট্র মন্ত্রণালয় ও উক্ত দেশে অবস্থিত বাংলাদেশী দূতাবাস কর্তৃক সত্যায়িত হইতে হইবে ।
 - ৫। প্রার্থীর নিজদেশের মেডিকেল/ডেন্টাল কাউন্সিল কর্তৃক ইস্যুকৃত সু-প্রতিষ্ঠা সার্টিফিকেট (Good Standing Certificate) সংযুক্ত করিতে হইবে ।
 - ৬। নিয়োগ প্রদানকারী বেসরকারী হাসপাতালের প্রধান নির্বাহী কর্মকর্তা বিদেশী বিশেষজ্ঞ চিকিৎসকগণের নিবন্ধনের জন্য বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিলের নির্ধারিত ছকে আবেদন করিবে ।
 - ৭। বিদেশী বিশেষজ্ঞ চিকিৎসকের বিপরীতে একই অধিক্ষেত্রের অনুরূপ শিক্ষাগতা যোগ্যতা সম্পন্ন ০২ (দুই) বছরের অভিজ্ঞতা সম্পন্ন ন্যূনতম ০২ (দুই) জন বাংলাদেশী পরামর্শক নিয়োগ দিতে হইবে এবং বিএমএন্ডডিসিতে তাহাদের নিয়োগপ্রের কপি জমা দিতে হইবে ।
 - ৮। নিয়োগকারী হাসপাতাল বিদেশী চিকিৎসকগণের কার্যক্রম ও দক্ষতার প্রতিবেদন লগবুকসহ নিবন্ধনের মেয়াদ পূর্তির ৭দিনের মধ্যে বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিলে দাখিল করিবে ।
 - ৯। বিদেশী চিকিৎসকদের বাংলাদেশে কাজ করার জন্য আবশ্যিকভাবে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অনুমতি প্রাপ্ত করিতে হইবে ।
 - ১০। যে সকল বিদেশী বিশেষজ্ঞ চিকিৎসকগনকে কোন নির্দিষ্ট হাসপাতালের জন্য Temporary Registration প্রদান করা হইবে তিনি বা তাঁহারা উক্ত হাসপাতাল ব্যাপ্তিত অন্য কোথাও চিকিৎসা সেবায় নিয়োজিত হইতে পারিবেন না ।
 - ১১। অত্র কাউন্সিল হইতে অনুমোদন প্রাপ্ত বিদেশী চিকিৎসকদের ব্যাপারে উক্ত প্রতিষ্ঠান পত্রপত্রিকায়, ইলেকট্রনিক মিডিয়া এবং অন্য কোন মাধ্যমে বিজ্ঞাপন দিতে পারিবেন না ।
 - ১২। নিবন্ধনের জন্য বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিলের নির্ধারিত ফি জমা দিতে হইবে ।
- বিদেশী বিশেষজ্ঞ চিকিৎসকগণের নিবন্ধন ফি :-

১	৬ মাসের জন্য	U\$ 250	(Two Hundred fifty U\$ Dollar)
২	৬ মাসের উর্দ্ধে এবং ১ বৎসরের বা তার কম সময়ের জন্য	U\$ 500	(Five Hundred U\$ Dollar)
৩	১ বৎসরের উর্দ্ধে এবং ১.৫ বৎসরের বা তার কম সময়ের জন্য	U\$ 750	(Seven Hundred fifty U\$ Dollar)
৪	১.৫ বৎসরের উর্দ্ধে এবং ২ বৎসরের বা তার কম সময়ের জন্য	U\$ 1000	(One Thousand U\$ Dollar)
৫	২ বৎসরের উর্দ্ধে এবং ২.৫ বৎসরের বা তার কম সময়ের জন্য	U\$ 1250	(One Thousand Two Hundred fifty U\$ Dollar)
৬	২.৫ বৎসরের উর্দ্ধে এবং ৩ বৎসরের বা তার কম সময়ের জন্য	U\$ 1500	(One Thousand Five Hundred U\$ Dollar)


 রেজিস্ট্রার
 বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল